# বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলন

## দূর-শিক্ষাকেন্দ্র

## এক-বৎসরকালীন বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

## হোম অ্যাসাইনমেন্ট – ২০২৫

একমাত্র ৮ম ব্যাচের (শিক্ষাবর্ষ : ২০২৪ – ২০২৫) শিক্ষার্থীদের জন্য

## প্রথম ষান্মাসিক (২য় পত্র) : বাংলা ভাষা বিজ্ঞান

পূর্ণমান : ২০ — উত্তরপত্র জমা দেওয়ার শেষ তারিখ:

**উত্তরণ : ১০** — **৩০ এপ্রিল ২০২৫**

**পরীক্ষার্থীদের উত্তরগুলো নিজ হাতে নিজস্ব ভাষায় লিখতে হবে।**
**মূল পাঠ্যবই থেকে সরাসরি লিখে দিলে নম্বর কাটা যাবে।**

**১। চারটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর লিখুন :** ১ x ৪ = ৪

ক) ভাষাতাত্ত্বিকগন 'ব্যাকরণ' বলতে কী বুঝিয়েছেন ?

খ) অনুশাসনিক ব্যাকরণের কাজ কী ?

গ) বাঙালির লেখা প্রথম ব্যাকরণ গ্রন্থটির নাম কী? এটি কবে প্রকাশিত হয়?

ঘ) সংস্কৃত ব্যাকরণের ধারাটির সময়কাল কীভাবে গণনা করা হয়েছে ?

ঙ) কারা প্রথমে অভিমত দিয়েছেন যে, বাংলার সংস্কৃত প্রভাবমুক্ত নিজস্ব ব্যাকরণের প্রয়োজন ?

**২। নিম্নলিখিত যেকোনও দু'টি প্রশ্নের উত্তর লিখুন :** ২ x ২ = ৪

ক) 'অ্যা' কোনো বর্ণ নয় ধ্বনি - দুটি উদাহরণ দিয়ে বুঝিয়ে লিখুন।

খ) ব্যাংলা ব্যঞ্জনবর্ণমালায় আনুনাসিক বর্ণ কোনগুলি? তাদের এরূপ নামকরণের কারণ কী?

গ) বাংলার স্বরধ্বনি কয়টি এবং কী কী ?

৩। **একটি প্রশ্নের উত্তর লিখুন :** ১ x ৩ = ৩

ক) কৃষক, ধূলিস্যাৎ, লুণ্ঠন শব্দগুলিতে (ণত্ব/ ষত্ব) কোন বিধি প্রযোজ্য হয়েছে ? এবং এই তিনটি বানানের ক্ষেত্রে নিয়মগুলি লিখুন।

খ) কন্যা > কইন্যা, বাক্স > বাস্ক, জন্ম > জনম - উচ্চারণগত কারণে শব্দগুলির ধ্বনি পরিবর্তনের সূত্রগুলির নাম কী কী ? এবং সেই সূত্রগুলির বৈশিষ্ট্যটি লিখুন।

গ) সূত্রসহ সন্ধি বিচ্ছেদ করে লিখুন - নবোদয়, দেবর্ষি, রাদ্দিন।

৪। **একটি প্রশ্নের উত্তর লিখুন :** ২

ক) 'পাকা কথা' এবং- 'পাকা মাথা' এই দুটি বিশিষ্টার্থক শব্দের অর্থ সহ বাক্য রচনা করুন।

খ) ব্যাকরণে শব্দের প্রতিপাদিকরূপ বলতে কী বোঝায়? উদাহরণসহ লিখুন।

৫। **একটি প্রশ্নের উত্তর লিখুন :** (অন্তত ৭০ টি শব্দের মধ্যে) ৩

ক) অষ্টাদশ শতকে বাংলা ভাষার লিখিত সাধু গদ্য রূপটি কীভাবে গড়ে উঠেছিল? এই প্রসঙ্গে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান কী ছিল ?

খ) সাহিত্যে চলিত গদ্যরীতির প্রচলনে প্রধান দুই ব্যক্তিত্বের উল্লেখ করুন এবং তাঁদের চলিত রচনারীতির দুটি গ্রন্থের সম্পর্কে লিখুন।

৬। **দু'টি প্রশ্নের যথাযথ উত্তর লিখুন :** ২ x ২ = ৪

ক) বাংলার ভাষার মান্যচলিত রূপটি কোন কোন অঞ্চল নিয়ে এবং কীভাবে গড়ে উঠেছিল ?

খ) ভাষাতাত্ত্বিকদের মতে উপভাষার সঙ্গে মান্যচলিত ভাষারূপের কী কী পার্থক্য থাকতে পারে ? দুটি উদাহরণ দিয়ে লিখুন।

গ) সুকুমার সেন বাংলার উপভাষাগুলিকে কয় ভাগে ভাগ করেছেন, এরা কী কী? সেগুলির ব্যবহারিক অঞ্চলগুলির উল্লেখ করুন।